



প্রদর্শনশালার কিউরেটর টিমের সঙ্গে শিল্পী সশ্বিং সেনগুপ্ত (মাঝে)। পিছনে তাঁর আঁকা ছবি।— নিজস্ব চিত্র।

Exhibition curator and team in Milan with Sen in front of his painting - *Leonardo Labyrinth*

বদলে যাওয়া 'ক্রিস্টিয়ানিটি'র ছবি, মিলান-প্যারিসেও প্রশংসিত সশ্বিং

নিজস্ব সংবাদদাতা

বদলে গিয়েছে 'ক্রিস্টিয়ানিটি'। দাবি শিল্পীর। বিশ্বখ্যাত সৃষ্টি 'লাস্ট সাপার'-এর সমসাময়িক কালে খ্রিস্টীয় প্রভাবের ছবির ধাঁচ যেমন ছিল, এ যুগে তেমন নয়। বলছেন চিত্রী সশ্বিং সেনগুপ্ত। মিলান আর প্যারিসে সম্প্রতি তাঁর ছবির প্রদর্শনী হল। নিজের পেইন্টিং-এ সেই বদলে যাওয়া খ্রিস্টীয় সমাজের প্রতিফলন ঘটানোর চেষ্টা করলেন শিল্পী।

সশ্বিং সেনগুপ্তর নিজের সৃষ্টি যে ঘরানা, সেই জেস্চারিজম স্ক্যান্ডালড ইনস্টলেশন আর্টেরই সন্তান মিলান আর প্যারিসে প্রদর্শিত তাঁর কাজগুলি। তার মধ্যে 'লিওনার্দো ল্যাবিরিন্থ' আর 'রেনেসাঁ মেলোডি' আলাদা করে নজর কেড়েছে পেইন্টিং-এর সমঝদারদের। গত মাসেই কলকাতার অ্যাকাডেমি অফ ফাইন আর্টসে তাঁর জেস্চারিজম ঘরানার ছোট্ট একটি প্রদর্শনী করে গিয়েছেন প্রবাসী শিল্পী সশ্বিং। রং-তুলিতে ভাব প্রকাশের প্রচলিত নানা ধারার বাইরে তিনি যে নতুন ধারার জন্ম দিয়েছেন, তা প্রশংসা পেয়েছিল কলকাতায়। ইউরোপেও তাঁর কাজ একই ভাবে চোখ টানল।

Painting about Christianity changing, appreciation of artist Sen in Milan and Paris

Our own correspondent

Translation

Christianity has evolved, claims the artist. Paintings influenced by Christianity in the era of the world famous creation of the painting 'The Last Supper' and those of today are marked by their difference because of this change says artist Shombit Sengupta. Recently his artwork was on exhibition in Milan and Paris. The artist has tried to capture reflections of the newness in Christian society in his paintings.

The artwork exhibited at Milan and Paris belong to Gesturism scrambled Installation Art, a style promulgated by Shombit Sengupta himself. Among them 'Leonardo Labyrinth' and 'Renaissance Melody' have caught the eyes of art critics. Only last month Shombit's art in Gesturism style was put up at an exhibition in the Academy of Fine Arts in Kolkata. This new style he has created lies outside the conventional forms of expression with paint and brush, and garnered much praise in Kolkata. His work got widespread acclaim in Europe as well.